## আগস্ট/২০১৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ শাহজাহান ভূঁইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

তারিখ : ৩১ আগস্ট, ২০১৪।

সময় : দুপুর ১২.০০ টা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি বিগত সভার কার্য বিবরনী পাঠ করে শুনান। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। সকল চিকিৎসক নিজ নিজ কর্তব্য কাজে যথাসময়ে উপস্থিত থেকে রূপগঞ্জ এর মানুষকে স্বাস্থ্য সেবা প্রদান করে যাচ্ছেন। তিনি যক্ষা ও হৃদরোগ সম্পর্কে মানুষকে সতর্ক করা দরকার বলে মনে করেন। তিনি জানান রূপগঞ্জে এযাবৎ এনথ্রাক্স আক্রান্ত কোন রোগীর সন্ধান পাওয়া যায়নি। এনথ্রাক্স সাধারণত পশুপাখির মাধ্যমে ছড়ায়। প্রয়োজনে পশু চিকিৎসকের পরমর্শ নেয়ার জন্য বলেন। | কর্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানান। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা |
| ২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। | কর্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানান। | উপজেলা প.প. কর্মকর্তা |
| ৩ | উপজেলা প্রকৌশলী | পরিশিষ্ট "ক" তে সংযুক্ত | | |
| ৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জনাব মোঃ মুরাদুল হাসান জানান যে, তিনি গত ০৫ আগস্ট রূপগঞ্জে যোগদান করেন। তাঁর বিভাগর কার্যক্রম স্বাভাবিক চলছে। এ বছর রূপগঞ্জে ১৪০০ হেক্টর জমিতে রোপা আমন ও ১০০০ হেক্টর জমিতে সজি চাষ হচ্ছে। অতি বৃষ্টির কারণে পানি জমে ফসলের ক্ষতি হওয়ার আশংকা দেখা দিয়েছে। উপজেলা কমপ্লেক্সে অবস্থিতি বিএডিসি ভবনের পাশে ০.০৫ একর জমিতে দোতলা ট্রেনিং সেন্টার নির্মাণের অনুমোদন পাওয়া গেছে। শীঘ্রই কাজ শুরু হবে। | ক্ষতির হাত থেকে ফসল রক্ষর্থে কৃষকদের পানি নিষ্কাশনের পরামর্শ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। ট্রেনিং সেন্টারের কার্যক্রম দ্রুত শুরু করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রক্ষা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। ৪.৯.২০১৪ খ্রি. তারিখে রূপগঞ্জ ইউনিয়নের ঋষিপাড় খাল এবং বড় বিলে, কায়েতপড়া ইউনিয়নের নগরপাড়া বিল, তারাব পৌরসভার রূপসী বলি এ ৯৯,০০০ টাকার ৪০৪ কেজি পোন মাছ অবমুক্ত করা হবে মর্মে সভাকে অবহিত করেন।এছাড়া ফরমালিন বিরোধী অভিযান নিয়মিত চলছে। | কর্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানান। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম যথাযথ চলছে। রূপগঞ্জে কোথাও এনথ্রাক্স আক্রান্ত গবাদি পশু পাওয়া যায় নাই। তিনি আরো জানান তাঁর অফিস ভবনের ছাদ ধসে পরার সম্ভাবনা দেখা দিয়েছে। ঝুঁকি নিয়ে কাজ করতে হচ্ছে। সভাপতি বলেন কসাই খানা থেকে যথাযথভাবে নিরীক্ষান্তে গবাদি পশু জবাই করে সীলসহ বাজারে বিক্রির ব্যবস্থা করতে হবে। বিষয়টি নিশ্চিত করার জন্য তিনি উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানান। এছাড়া কুকুর নিধনকারী ধাঙ্গর আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য | এনথ্রাক্স বিষয়ে সচেতনতা গড়ে তোলার বিষয়ে কার্যক্রম গ্রহণ, অসুস্থ কোন পশু যাতে জবাই করা না হয় এবং কসাইখানা থেকে পশু জবাই করে বাজারে বিক্রয়ের বিষটি নিশ্চিত করতে হবে। ভবন মেরামতের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্রদেয়ার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানান। | প্রাণিসম্পদ কর্মকর্তা |

পরিশিষ্ট 'ক'

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১। | উপজেলা প্রকৌশলী বিভাগ | ১। উপজেলা প্রকৌশলী রূপগঞ্জ উপজেলা পরিষদের আবাসিক ভবন মেরামতের ৩টি প্রাক্কলন সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন । স্কীম সমূহের বিবরন নিম্নরূপ ঃ<br>ক্রমিকনং স্কীমের নাম প্রাক্কলিত মূল্য<br>------- ---------- -------------<br>১। উপজেলা পরিষদের ভবন নং-১ ও ২ মেরামত। টাঃ ৭,৪০,০০০/০০<br>২। উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন মেরামত । টাঃ ২১,২০,০০০/০০<br>৩। উপজেলা পরিষদেও গেজেটেড কোয়ার্টার মেরামত । টাঃ ১,৪০,০০০/০০<br>সর্বমোট টাঃ ৩০,০০,০০০/০০ | বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলন সমূহ অনুমোদন করা হয় এবং সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক কারিগরী অনুমোদন পূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য স্থানীয় সরকার মন্ত্রনালয়ে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রকৌশলী |
| ০২। | উপজেলা প্রকৌশলী বিভাগ | ২। উপজেলা প্রকৌশলী উপজেলা উন্নয়ন তহবিল (UDF) এর আওতায় নিম্ন বর্নিত ২টি স্কীমের প্রাক্কলন সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন । স্কীম সমূহের বিবরন নিম্নরূপঃ<br>ক্রমিকনং স্কীমের নাম প্রাক্কলিত মূল্য<br>------- ---------- -------------<br>১। মাছিমপুর উপজেলা চেয়ারম্যান বাড়ী রাস্তায় বক্স কালভার্ট ও ইউ ড্রেইন নির্মাস । টাঃ ৬,৫০,০০০/০০<br>২। রূপগঞ্জ থানার নিকট হইতে জেনারেল কে,এম শফিউল্লাহর বাড়ী পর্যন্ত রাস্তা সিলকোট দ্বারা মেরামত । টাঃ ৬,৬২,০০০/০০ | বিস্তারিত আলোচনান্তে স্কীম ২টির প্রাক্কলন অনুমোদন করা হয় এবং জরুরী ভিত্তিতে RFQ এর মাধ্যমে অর্থাৎ কোটেশনের মাধ্যমে বাস্ত বায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

১৫/০৭/১৪
(মোহাঃ নাসির উদ্দিন)
উপজেলা প্রকৌশলী
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

উপজেলা নির্বাহী অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

15.07.2014
(মোঃ শাহজাহান ভূইয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

স্মারক নং-০৫.৪১.৩৭৪.০০০.১৬.০৯.১৩-৫২৬/১(২০০) তারিখ: ১৪.০৯.২০১৪ খ্রি.।

সদয় জ্ঞাতার্থেঃ-

১। মাননীয় সংসদ সদস্য-২০৪, নারায়ণগঞ্জ-০১।

২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৫। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

অবগতি ও কার্যার্থে ঃ

১। মেয়র, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

২। উপজেলা ......................................................................কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৩। মেয়র, কাঞ্চন পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৪। চেয়ারম্যান........................................................ইউপি (সকল), রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৫। জনাব/বেগম.......................................................................................।

১৪/৯/২০১৪

উপজেলা নির্বাহী অফিসার

রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।